মুজিবনগরে ‘তারুণ্য নির্ভর বাংলাদেশ বিনির্মাণ’ শীর্ষক মতবিনিময় সভা

তারুণ্যের শক্তিকে কাজে লাগিয়ে সমৃদ্ধ বাংলাদেশ গঠনের লক্ষ্য নিয়ে মুজিবনগরে অনুষ্ঠিত হয়েছে “তারুণ্য নির্ভর বাংলাদেশ বিনির্মাণ” শীর্ষক এক মতবিনিময় সভা।

বৃহস্পতিবার সকালে জেলা তথ্য অফিসের উদ্যোগে মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজে এই সভা অনুষ্ঠিত হয়।
কলেজের অধ্যক্ষ মোঃ ইসমাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক জনাব সিফাত মেহনাজ।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব পলাশ মন্ডল। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক মোহাম্মদ হেলাল ওসমান।

মেহেরপুরে বিভিন্ন দাবিতে ঔষধ ব্যবসায়ীদের মানববন্ধন

ঔষধ বিক্রির উপর কমিশন বাড়ানো, মেয়াদোত্তীর্ণ ওষুধ দ্রুত ফেরত নেওয়া ও প্রতিস্থাপনের ব্যবস্থা নিশ্চিত করা, লাইসেন্সবিহীন ফার্মেসিতে ওষুধ সরবরাহ বন্ধ এবং সকল ওষুধের মূল্য নির্ধারণে সরকারের হস্তক্ষেপের দাবিতে মেহেরপুরে মানববন্ধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে বাংলাদেশ কেমিস্টস অ্যান্ড ড্রাগিস্টস সমিতির মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট

জেনারেল হাসপাতালের সামনে এ কর্মসূচি পালিত হয়।

সংগঠনের জেলা সভাপতি আব্দুল লতিফের নেতৃত্বে মানববন্ধনে সংগঠনের সহ-সভাপতি রাকিবুল হাসান রন, মতিউর রহমান, আমিনুল ইসলাম সেন্টু, বাবর আলী, কাজী খয়রুদ্দিন আহমেদ, আসিফ আল মোনায়েম, জালাল উদ্দিন, মোঃ সেলিম খানসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ সময় বক্তারা বলেন “ফার্মেসিগুলো ন্যায্য কমিশন পাচ্ছে না, অথচ খরচ ও ঝুঁকি দিন দিন বাড়ছে। তাই কমিশন বাড়ানো এখন সময়ের দাবি। মেয়াদোত্তীর্ণ ওষুধের কারণে সাধারণ মানুষ যেমন ক্ষতির শিকার হয়, তেমনি ব্যবসায়ীরাও সমস্যায় পড়েন। তাই দ্রুত ফেরত ও প্রতিস্থাপনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

মেহেরপুরে গ্রাম আদালত ব্যবস্থা সক্রিয়করণ বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে গ্রাম আদালত ব্যবস্থা সক্রিয়করণ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে সাড়ে ৪ টার দিকে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের আয়োজন আদালত ভবনের সম্মেলনের কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভার সভাপতিত্ব করেন সিনিয়র জেলা ও দায়রা জজ এস এম নাসিম রেজা।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, আমরা মূলত জনগণের উপকারের জন্যই কাজ করি, সে যেভাবেই হোক না কেন। আমাদের মূল লক্ষ্য হলো জনগণের কল্যাণ সাধন। এজন্য কেউ চেয়ারম্যান হোক বা ওসি, আমাদের উদ্দেশ্য একটাই জনগণের উপকার। পদ্ধতিগতভাবে ভিন্নতা থাকতে পারে, তবে লক্ষ্য একই।

গ্রাম নিয়েই আমাদের বাংলাদেশ। আমাদের মেহেরপুর জেলায় ২৫৯টি গ্রাম রয়েছে। এই গ্রামগুলোতে যদি আমরা গ্রাম আদালতের কার্যক্রম সক্রিয়ভাবে চালাতে পারি, তাহলে দেখবেন এখানকার মামলার সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে যাবে।

এসময় উপস্থিত ছিলেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মোঃ তহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ মোঃ নূর নবী, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জামিনুর রহমান খান, সিনিয়র সহকারী জজ মোঃ মাসুদ রানা, ন্যাশনাল কনসালট্যান্ট, ইউএনডিপি, বাংলাদেশ এবং এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাজুল ইসলাম, যুগ্ম জেলা ও দায়রা জজ-২য় সত্যব্রত শিকদার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ জাহিদুর রহমান প্রমুখ।

মেহেরপুরের শ্যামপুরে ইউনিয়ন বিএনপির দ্বিবার্ষিক সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপির দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২১ মে) সকাল ১১টায় শ্যামপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে ইউনিয়ন বিএনপির আয়োজনে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য ইলিয়াস হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতু, আব্দুল্লাহ, এম এ খায়রুল বাশার, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক

লিটন, মকবুল হোসেন মেঘলা।

সম্মেলনের সঞ্চালনা করেন জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন। এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, এস. এ. খান শিল্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন ও সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, পৌরসভার ১ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মশিউল আলম দ্বীপু, যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, সুইট, জনি, নাহিদসহ ইউনিয়নের নেতাকর্মীবৃন্দ।

গণতান্ত্রিক প্রক্রিয়ায় ভোটের মাধ্যমে শ্যামপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হিসেবে তোফাজ্জেল হোসেন এবং সাধারণ সম্পাদক হিসেবে সাহিদুল ইসলাম নির্বাচিত হন।

গাংনীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৪

মেহেরপুরের গাংনীতে ২৪ ঘন্টার অভিযানে ০৪ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত থেকে আজ বুধবার ভোর পর্যন্ত বিভিন্ন জায়গাই অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়েছে ।

গ্রেফতারকৃতরা হলেন- গাংনীর আড়পাড়া পূর্ব পাড়ার মহসিন মোল্লার ছেলে খোকন, মহব্বত, মহব্বত আলীর ছেলে মানিক, নওদাপাড়া তোফাজ্জেল হকের ছেলে আব্দুল ওয়াহেদ ।

গ্রেফতারকৃত আসামীদেরকে বিজ্ঞ আদালতে প্রেরন করা হয়েছে । জেলার সার্বিক আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সময় বেঁধে দেন।

কারণ দর্শানোর জন্য আদালত যে সকল বিবাদীকে সময় বেঁধে দিয়েছেন, তারা হলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, তেঁতুলবাড়িয়া ইউনিয়নে সভাপতি পদে বিজয়ী ঘোষিত মো: ফজলুল হক, সাধারণ সম্পাদক পদে বিজয়ী ঘোষিত মো: মমিনুল ইসলাম, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন কাউন্সিল নির্বাচন–২০২৫ এর প্রধান নির্বাচন কমিশনার মো: আব্দুস সালাম, নির্বাচন কমিশনার মো: জুলফিকার আলী এবং অ্যাডভোকেট আরিফুজ্জামান।

জানা গেছে, অনিয়মতান্ত্রিকভাবে এবং সংগঠনের গঠনতন্ত্র অনুসরণ না করে অবৈধভাবে কমিটি গঠনের অভিযোগে বাদীরা ৯ জনকে বিবাদী করে মেহেরপুর সিনিয়র সহকারী জজ–২ আদালতে একটি মামলার আবেদন করেন। মামলা নম্বর: ৭১/২৫।

মঙ্গলবার (২০ মে) বিকাল সাড়ে চারটার সময় মামলাটির শুনানি অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা আইনজীবী সমিতির কয়েকজন সিনিয়র আইনজীবী এই শুনানিতে অংশ নেন।

মেহেরপুর জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর এএসএম সাইদুর রাজ্জাক এবং মামলাটিতে বাদী পক্ষের আইনজীবী অ্যাডভোকেট মো: মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

অ্যাডভোকেট মো: মিজানুর রহমান বলেন, বিএনপির গঠনতন্ত্রের ৬ অনুচ্ছেদের “খ” ধারা লঙ্ঘন করে দলীয় কমিটি গঠনের অপচেষ্টা করা হচ্ছে। আহ্বায়ক কমিটির নেতাদের ক্ষমতার অপব্যবহার এবং কাউন্সিলের বিধি-বিধান উপেক্ষা করে নিজেদের পছন্দের লোকদের নিয়ে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দলকে আওয়ামী লীগ পুনর্বাসন কেন্দ্র বানানোর চেষ্টা করা হচ্ছে। আদালত বাদী পক্ষের অভিযোগের সত্যতা পেয়ে বিজ্ঞ আদালত এ নির্দেশনা দিয়েছেন।

এ বিষয়ে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান বলেন, আমরা আদালতের আদেশের কথা শুনেছি, তবে কাগজ পাইনি। আইনি প্রক্রিয়ার মাধ্যমে আদালতে কারণ দর্শানো হবে।

মেহেরপুরে সাপে কেটে কৃষকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে সাপের কেটে আবুল কাশেম (৬০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২০ মে) দুপুরে উপজেলার ধানখোলা ইউনিয়নের জালশুকা গ্রামে এ ঘটনা ঘটে। তিনি মৃত আবু জেহেলের ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে মাঠে মহিষ চরাতে গেলে হঠাৎ একটি বিষধর সাপ আবুল কাশেমকে দংশন করে। সঙ্গে সঙ্গে পরিবারের সদস্যরা তাকে বাড়িতে নিয়ে গিয়ে স্থানীয় এক ওঝার মাধ্যমে বিষ নামানোর চেষ্টা করেন।

কিন্তু অবস্থার অবনতি হলে প্রথমে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং সেখান থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। রাত ৯টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আবুল কাশেমের মৃত্যু হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৪

মেহেরপুরে পুলিশের ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে গাংনীতে তিনজন ও মুজিবনগরে একজনকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল সোমবার রাত থেকে আজ মঙ্গলবার ভোর পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন গাংনীর নতুন দরবেশপুর স্কুলপাড়ার মৃত

মিনারুল ইসলামের ছেলে মো. আব্দুস সালাম (২৩), লক্ষীনারায়ণপুর ধলার আহসানের ছেলে রকি (২২), খাসমহল ৬ নম্বর ওয়ার্ড পশ্চিমপাড়ার মো. নুর হোসেনের ছেলে মো. দবির আলী (৪৩) এবং মুজিবনগরের বাগোয়ান নতুন পাড়ার পটল মীরের ছেলে সলিম মীর (৫০)।

গ্রেফতারকৃত আসামিদের বিধি মোতাবেক বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে শান্তি-শৃঙ্খলা উন্নয়নে সচেতনতামূলক কর্মশালা

মেহেরপুরে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে ‘শান্তি-শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবদের ভূমিকা’ শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই প্রশিক্ষণ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলামের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. কামরুন নাহার, মেহেরপুর সদর থানার ইন্সপেক্টর (অপারেশন) জাহাঙ্গীর সেলিম, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

প্রশিক্ষণ কর্মশালায় বক্তারা বলেন, সমাজে শান্তি-শৃঙ্খলা বিনষ্ট করে মূলত বড়রাই, কিন্তু তারা থাকে অদৃশ্যমান। যাদের দেখা যায় তারা তরুণ সমাজ। বিশেষ করে বেকার তরুণরা এসব কর্মকাণ্ডে সহজেই ব্যবহৃত হয়ে পড়ে।

অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থী, উদ্যোক্তা, এবং দপ্তরটির কর্মকর্তা- কর্মচারীরা অংশগ্রহণ করেন।